

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৫.২০১১- ১২৮৭

তারিখ : ২৯ অক্টোবর ২০১৭

বিষয়: বিলুপ্ত উপজেলা পরিষদের মৃত/চাকুরিকাল সমাপ্তকৃত জীপচালক/নৌযান চালকদের আর্থিক পাওনাদি নিষ্পত্তি।
সূত্র-১: জনপ্রশাসন মন্ত্রণালয় এর স্মারক নং ০৫.০০.০০০০.১৬৬.১৫.০০১.১২-১৫৩; তারিখ: ১১ আগস্ট ২০১৫।
সূত্র-২: জনপ্রশাসন মন্ত্রণালয় এর স্মারক নং ০৫.০০.০০০০.১২১.০১৩.১৫.১২-৬৩৩; তারিখ: ০৮ আগস্ট ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগ অমৃত/চাকুরিকাল সমাপ্তকৃত ২৯জন জীপ/নৌযান চালক-এর আর্থিক পাওনাদি (যদি থাকে) নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট হতে আর্থিক চাহিদা সংগ্রহ করে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ হতে আর্থিক বরাদ্দ গ্রহণকরতঃ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে আয়ণ ব্যয়ণ কর্মকর্তার ক্ষমতা দিয়ে বিধি মোতাবেক বিষয়টি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হয়(কপি সংযুক্ত)। কিন্তু ২নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে কুমিল্লা জেলার বুড়িচং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের মৃত জীপ চালক কাজী মোঃ মুসলিম এর স্ত্রীর অনুকূলে পারিবারিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়(কপি সংযুক্ত)। উপজেলা পরিষদ কর্মচারী বিধিমালা, ১৯৮৯ এর অধীন নিয়োগপ্রাপ্ত এ সকল কর্মচারীদের পারিবারিক পেনশন প্রদানের কোন সুযোগ নেই। তারা শুধুমাত্র ২৫(পঁচিশ) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ আনুতোষিক হিসেবে প্রাপ্য হবেন(কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, উপজেলা পরিষদ কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৮৯ অনুযায়ী নিয়োগপ্রাপ্ত বিলুপ্ত উপজেলা পরিষদের উদ্বৃত্ত ঘোষিত পিএলআর/অবসরপ্রাপ্ত/মৃত জীপচালক/মোটরযান চালকদের অবসর পরবর্তী প্রাপ্য আর্থিক সুবিধার বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:.....ফর্দ।

J. Azin
23/10/2017
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।